

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৯৯৫

৯/ বিবাহ (النکاح)

পরিচ্ছেদঃ ৯/৫৫. শুভ ও অশুভ লক্ষণ।

بَابٌ مَا يَكُونُ فِيهِ الْيُمْنُ وَالشُّؤْمُ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ خَلْفٍ أَبُو سَلَمَةَ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضْلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الشُّؤْمُ فِي ثَلَاثٍ فِي الْفَرَسِ وَالْمَرْأَةِ وَالدَّارِ قَالَ الزُّهْرِيُّ فَحَدَّثَنِي أَبُو عُبَيْدَةَ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ زَمْعَةَ أَنَّ جَدَّتَهُ زَيْنَبَ حَدَّثَتْهُ عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا كَانَتْ تَعْدُ هَوْلَاءَ الْثَّلَاثَةَ وَتَزِيدُ مَعَهُنَّ السَّيْفَ.

বাংলা

৩/১৯৯৫। 'আবদুল্লাহ বিন 'উমার (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ অশুভ লক্ষণ তিনি জিনিসের মধ্যে থাকতে পারেঃ ঘোড়া, স্ত্রীলোক ও ঘর। যুহরী (রহ.) বলেন, আবু 'উবাইদাহ ইবনু 'আবদুল্লাহ ইবনু যামাতা আমাকে বলেছেন যে, তার দাদী যয়নব (রাঃ) উম্মু সালামাহ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি এই তিনটির সাথে তরবারিও ঘোগ করতেন। উম্মু সালমার কথা ব্যতীত, তাদের শব্দ হলো অশুভ লক্ষণ, যে বস্তুর মধ্যে তাহলে ... অতঃপর তরবারী ব্যতীত তিনটি উল্লেখ করেন।

English

It was narrated from Salim, from his father, that:
the Messenger of Allah said: "Omens are only to be found in three things: a horse, a woman and a house." (Sahih)(One of the narrators) Az-Zuhri said: "
Abu 'Ubaidah bin 'Abdullah bin Zam'ah said that his mother, Zainab,
narrated to him, from Umm Salamah, that she used to list these three, and
add to them "the sword."

ফুটনোট

সহীল্ল বুখারী ২৮৫৮, ৫০৯৩, ৫০৯৪, ৫৭৫৩, ৫৭৭২, মুসলিম ২২২৫, তিরমিয়ী ২৮২৪, ৪০০১, নাসায়ী ৩৫৬৮, ৩৫৬৯, আবু দাউদ ৩৯২২, আহমাদ ৬৩৬৯, মুয়াত্তা মালেক ১৮১৭, সহীহাহ ৭৯৯, ১৮৯৭।

তাহকীক আলবানীঃ শায়। উক্ত হাদিসের রাবী আবুর রহমান বিন ইসহাক সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তার হাদিস গ্রহণ করা যায় তবে তা দলীলযোগ্য হবে না। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদিরিয়া মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল। সুফইয়ান বিন উয়াইনাহ বলেন, তিনি কাদিরিয়া মতাবলম্বী। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৩৭৫৫, ১৬/৫১৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: শাজ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=32957>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন